

বিজ্ঞপ্তি

Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্তি বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের নিকট হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদন আগামী ১৪ জুলাই হতে ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি পৌছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)
JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon Hotel,
107, Kazi Nazrul Islam Avenue,
Dhaka-1215, Bangladesh.

শর্তসমূহ :

১. অনলাইনে প্রাপ্ত আবেদন নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২০ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরির বয়স ২ বছর এবং যাদের স্থায়ী হয়েছে, শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণি/বিভাগ (সমমান) রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল তীরাই আবেদন করতে পারবেন;
২. আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ৪ সেট আবেদন JICE, JDS Project Office বরাবর প্রেরণ করতে হবে। ৪ সেট আবেদনের ৩ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
৩. কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করতে হবে;
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ সংখ্যক স্মারক অনুযায়ী যারা ইতিপূর্বে চাকরিরত অবস্থায় প্রেষণে বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই;
৫. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী <http://jds-scholarship.org/> থেকে পাওয়া যাবে।


মোহাম্মদ আবদুল লতিফ
যুগ্মসচিব
ফোন : ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব,.....(মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় (সকল))।
৫. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, পুরাতন এয়ারপোর্ট রোড, ঢাকা।
৭. চেয়ারম্যান/মহাপরিচালক,.....।
৮. নিয়ন্ত্রক, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (জেলা প্রশাসকগণকে বিষয়টি জরুরিত্বিত্তে অবহিতকরণের অনুরোধসহ)।
১০. পরিবহন কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৪. সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
১৫. Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215.
১৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/প্রশাসন/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।